

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা (কারিগরি-২)
পরিবহণ পুল ভবন, ঢাকা
www.tmed.gov.bd


নং- ৫৭.০০.০০০০.০৫২.২২.০০১.১৯-৪৮৫

তারিখ : ২৩ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয় : মতামত প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, সাধারণ শিক্ষা ধারার মাধ্যমিক পর্যায়ের আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এস.এস.সি / দাখিল (ভোকেশনাল) কোর্স চালুকরণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত খসড়া নীতিমালায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিম্নোক্ত মতামত এতদসঙ্গে প্রেরণ করা হলো। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(১)	শিরোনামের "প্রতিষ্ঠানের" পরিবর্তে "প্রতিষ্ঠানে" অর্ন্তভুক্তকরণ;
(২)	ক্রমিক নং-০৪ এ উল্লিখিত 'বিদ্যালয়কে' এর পরিবর্তে "শিক্ষা প্রতিষ্ঠানকে" অর্ন্তভুক্তকরণ;
(৩)	ক্রমিক নং-০৬ এ "মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর" এর পাশাপাশি "মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর" অর্ন্তভুক্তকরণ;
(৪)	ক্রমিক নং-০৮ এ উল্লিখিত 'বিদ্যালয়কে' এর পরিবর্তে "শিক্ষা প্রতিষ্ঠানকে" এবং "২টি ট্রেড" এর পরিবর্তে "কমপক্ষে ২টি ট্রেড" অর্ন্তভুক্তকরণ;
(৫)	ক্রমিক নং-৯ এ উল্লিখিত "শিক্ষা প্রদান" এর পরিবর্তে "শিক্ষাদান" অর্ন্তভুক্তকরণ;
(৬)	ক্রমিক নং-১০ এ "নির্ধারিত যন্ত্রপাতি ও আসবাবপত্র" এর পরিবর্তে "নির্ধারিত তালিকা মোতাবেক যন্ত্রপাতি ও আসবাবপত্র" অর্ন্তভুক্তকরণ;
(৭)	ক্রমিক নং-১১ এ উল্লিখিত সকল 'বিদ্যালয়কে' এর পরিবর্তে "শিক্ষা প্রতিষ্ঠানকে" অর্ন্তভুক্তকরণ;
(৮)	ক্রমিক নং-১২ এ "এনটিআরসিএ মাধ্যমে একজন শিক্ষক" এর পরিবর্তে "এনটিআরসিএ এর মাধ্যমে শিক্ষক" অর্ন্তভুক্তকরণ;
(৯)	ক্রমিক নং-১৩ এ "ল্যাব এ্যাসিস্টেন্ট শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট অধিদপ্তর কর্তৃক নিয়োগ প্রাপ্ত হবেন" অংশটুকু বাদ দিতে হবে; এবং
(১০)	ক্রমিক নং-১৪ এর পুরো অংশ বাদ দেয়া।


(মো: আবদুর রহমান)

উপসচিব

ফোনঃ ৯৫৭৩৫৫৬

ds_tec2@moedu.gov.bd

সিনিয়র সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[(দৃ: আ: অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক))]

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
(অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)